নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৪-২৬৪

তারিখঃ ১২ বৈশাখ ১৪৩১ / ২৫ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, **আগামী ০৫ জুন ২০২৪ তারিখে** বিভিন্ন উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপবিধি (৩)(গ)(ইইই) অনুযায়ী চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান পদে অংশগ্রহণের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারগণকে প্রেরণের জন্য এবং একই সাথে উক্ত পত্রের অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। এমতাবস্থায়, উক্ত নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে বর্নিত বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হল। *উল্লেখ্য যে, সংযুক্ত কাগজপত্রসমূহ আপনার দল কর্তৃক প্রেরিত ই-মেইলে পাঠানো হয়েছে।*

রৌশন আরা
২৫-০৪-২০২৪
(রৌশন আরা বেগম)
সিনিয়র সহকারী সচিব(নিঃ সঃ-১)
নির্বাচন কমিশন সচিবালয়
ফোনঃ ০২-৫৫০০৭৫৪৬।

**সংযুক্তিঃ**
(১) নির্বাচন অনুষ্ঠানের সময়সূচির প্রজ্ঞাপন
(২) উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩

প্রাপক ঃ সভাপতি/সাধারণ সম্পাদক
[নিবন্ধিত রাজনৈতিক দল (সকল)]

নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৪-২৬৪

তারিখঃ ১২ বৈশাখ ১৪৩১ / ২৫ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,............................................(সংশ্লিষ্ট)।
০৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হলো]।
০৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
০৭. উপসচিব.................................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৮. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা,.............................(সংশ্লিষ্ট)।
০৯. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)।
১০. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব..................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সহকারী সচিব, সাধারণ সেবা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [পত্রটি জরুরী ভিত্তিতে ডেসপাস রাইডারের মাধ্যমে বিতরণ নিশ্চিতের অনুরোধসহ]।
১৩. থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তা,..........................(সংশ্লিষ্ট)।

রৌশন আরা
২৫-০৪-২০২৪
(রৌশন আরা বেগম)
সিনিয়র সহাকরী সচিব (নিঃ সঃ-১)

পরিশিষ্ট—খ

# উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩

(২০২৪ সনের মার্চ পর্যন্ত হালনাগাদকৃত)

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

মঙ্গলবার, মার্চ ৫, ২০১৩

নির্বাচন কমিশন

বাংলাদেশ

## প্রজ্ঞাপন

তারিখ, ১৫ ফাল্গুন ১৪১৯ বঙ্গাব্দ/ ২৭ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫৭-আইন/২০১৩।-- উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১৪। মনোনয়নপত্র আহবানের বিজ্ঞপ্তি।- বিধি ১৩ এর উপ-বিধি (১) এর অধীন প্রজ্ঞাপন বা উপ-বিধি (৩) এর অধীন বিজ্ঞপ্তি জারী হইবার পর, রিটার্নিং অফিসার, জনসাধারণের জ্ঞাতার্থে, নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানাইয়া যথাশীঘ্র সম্ভব একটি বিজ্ঞপ্তি জারী করিবেন এবং উক্ত বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র দাখিলের স্থান, [১৩][তারিখ, সময় ও ওয়েব এ্যাড্রেস] উল্লেখ থাকিবে।

১৫। মনোনয়ন।- (১) চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট উপজেলার যে কোন ভোটার, ধারা ৮(১) এর অধীন চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করিতে বা অনুরূপ প্রস্তাব সমর্থন করিতে পারিবেন।

(২) ধারা ৬ এর উপধারা (৪) এর অধীন মহিলা সদস্য নির্বাচিত হইবার যোগ্যতা থাকিলে, বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ভোটার তালিকাভুক্ত যে কোন মহিলা, মহিলা সদস্য আসনের সমসংখ্যক ভোটারের নাম প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন।

(৩) ধারা ৬ ও ৮ এর বিধান সাপেক্ষে, মনোনয়নপত্র-

(ক) চেয়ারম্যার নির্বাচনের জন্য ফরম 'ক' ও ভাইস চেয়ারম্যান নির্বাচনের জন্য ফরম 'ক-১' এবং মহিলা ভাইস চেয়ারম্যানের জন্য ফরম 'ক-২' এবং মহিলা সদস্য নির্বাচনের জন্য ফরম 'ক-৩' এ দাখিল করিতে হইবে ;

(খ) প্রস্তাবকারী এবং সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে; এবং

(গ) নিম্নবর্ণিত কাগজপত্রসহ দাখিল করিতে হইবে, যথা:-

(অ) বিধি ১৬ অনুসারে জামানতের টাকা জমা প্রদানের প্রমাণ স্বরূপ ট্রেজারী চালান অথবা পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট ;

(আ) উক্ত মনোনয়নে সংশ্লিষ্ট প্রার্থী সম্মত আছেন এবং নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে ধারা ৮ এর উপধারা (২) বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে তিনি অযোগ্য নহেন মর্মে তাহার স্বাক্ষরিত প্রত্যয়নপত্র ;

(ই) সংরক্ষিত মহিলা সদস্য আসনের প্রস্তাবকারী বা সমর্থনকারী ব্যতিরেকে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদের প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক এই মর্মে একটি ঘোষণা থাকিবে যে, তাহাদের কেহ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে [১৪][একই পদের] অন্য কোন প্রার্থীর মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই ;

---

[১৩] এস, আর, ও নং ৩৭৮-আইন/২০১৬, তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৬ দ্বারা প্রতিস্থাপিত

[১৪] এস, আর, ও নং ৩৭৮-আইন/২০১৬, তারিখঃ ২১ ডিসেম্বর ২০১৬ দ্বারা প্রতিস্থাপিত

[১৫][(ইই) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৬ এর অধীন দাখিলকৃত রিটার্নের প্রত্যয়িত অনুলিপি এবং উক্ত আইনের ধারা ২৬৪ এর বিধান অনুসারে রিটার্ন দাখিলের প্রমাণপত্র;]

[১৬][(ইইই) রাজনৈতিক দলের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিতে হইবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন উপজেলা পরিষদে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট উপজেলা পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;

[১৭][* * *]

(ঈ) চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক প্রার্থী তাহার মনোনয়নপত্র যথাক্রমে ফরম 'ক', 'ক-১', 'ক-২' ও 'ক-৩' এর সহিত নির্ধারিত ফরমে হলফনামা, যাহাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ এবং সংশ্লিষ্ট কাগজপত্র সংযোজন করিতে হইবে ঃ

(১) তদ্‌কর্তৃক অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(২) বর্তমানে তিনি কোন ফৌজদারী মামলার অভিযুক্ত আছেন কিনা;

(৩) অতীতে তাহার বিরুদ্ধে দায়েরকৃত কোন ফৌজদারী মামলার রেকর্ড আছে কিনা, থাকিলে উহার রায় কি ছিল;

(৪) তাহার ব্যবসা বা পেশার বিবরণী;

(৫) তাহার আয়ের উৎস বা উৎসসমূহ;

(৬) তাহার নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায়ের বিবরণী; এবং

[১৫] এস. আর. ও নং-৬২ আইন/২০২৪, তারিখ : ১৮ মার্চ ২০২৪ দ্বারা প্রতিস্থাপিত

[১৬] এস, আর, ও নং ৩৭৮-আইন/২০১৬, তারিখ: ২১ ডিসেম্বর ২০১৬ দ্বারা প্রতিস্থাপিত

[১৭] এস. আর. ও নং-৬২ আইন/২০২৪, তারিখ : ১৮ মার্চ ২০২৪ দ্বারা বিলুপ্ত